

বলিকবাহী

রোববার, মার্চ ৩০, ২০২৫ ■ চৈত্র ১৬, ১৪৩১



এনএসইউ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ইফতার ও দোয়া মাহফিল সম্প্রতি রাজধানীর একটি তারকা হোটেলে অনুষ্ঠিত হয়েছে। এ আয়োজনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ব্যাচের সাড়ে তিন শতাধিক অ্যালামনাই একত্রিত হন। অনুষ্ঠানে অতিথিদের মধ্যে ছিলেন এনএসইউ উপাচার্য অধ্যাপক ড. আবদুল হান্নান চৌধুরী, স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের ডিন অধ্যাপক ড. একেএম ওয়ারেছুল করিম, স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন অধ্যাপক ড. দীপক কুমার মিত্র এবং স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেসের ডিন অধ্যাপক ড. শাজ্জাদ হোসেন। এ সময় স্বাগত বক্তব্য দেন এনএসইউ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আহ্বায়ক আমজাদ হোসেন। —বিজ্ঞপ্তি